



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন



www.doict.gov.bd

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৬.১৮.০০১.১৭.১৯০

তারিখ: ৫ পৌষ ১৪২৮

২০ ডিসেম্বর ২০২১

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ডিজিটাইজকৃত 'School Admission Lottery Management System (SALMS)' সেবাটি চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা (২০২১-২০২২) এর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ডিজিটাইজকৃত 'School Admission Lottery Management System (SALMS)' নামক সিস্টেম সফটওয়্যার (<http://salms.doict.gov.bd/>) প্রস্তুত করা হয়েছে। করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভর্তি ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন, সেবার মান বৃদ্ধি, উদ্ভাবন চর্চা ও এর প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে ইতোমধ্যে উক্ত ডিজিটাইজকৃত সেবাটির পাইলটিং কার্যক্রম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনা-তে সম্পন্ন হয়েছে।

এমতাবস্থায়, ডিজিটাইজকৃত 'School Admission Lottery Management System (SALMS)' সেবাটি পাবনা জেলা কার্যালয়সহ অন্যান্য জেলা কার্যালয়ে সম্ভাব্য ক্ষেত্রে বাস্তবায়নের জন্য অনুমোদন দেওয়া হলো।

R. Mahedi

২০-১২-২০২১

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২

ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২

ইমেইল: dg@doict.gov.bd

প্রোগ্রামার (জেলা) সকল

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৬.১৮.০০১.১৭.১৯০/১(১০)

তারিখ: ৫ পৌষ ১৪২৮
২০ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, আইন ও পলিসি অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৩) পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

- ৪) সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাল গভর্নেন্স শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৫) নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৬) সহকারী প্রোগ্রামার (সংযুক্ত), প্রশাসন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক, অর্থ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৮) ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৯) সহকারী প্রোগ্রামার (সংযুক্ত), পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ১০) সহকারী প্রোগ্রামার, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৩, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর



২০-১২-২০২১

ড. ভেনিসা রজ্জিক
পরিচালক